

(একই নম্বর ও তারিখের প্রজ্ঞাপন প্রতিস্থাপিত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ

প্রজ্ঞাপন

২১/০৮/১৯৯৭ ইং

নং-সম/সওব্য/টিম-৪(২)/উঃপ্রঃনিঃ/৪৭/৯৭-১৮৮

তারিখঃ-----

০৬/০৫/১৪০৪ বাং

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্পসমূহে জনবল নিয়োগ, মেয়াদকাল, বেতন-ভাতা ইত্যাদি নির্ধারণের ব্যাপারে নিম্নবর্ণিত নীতিমালা সম্বলিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে :

- (১) সরকার অনুমোদিত প্রকল্পের পদ অর্থ বিভাগের ১২/৪/৯৪ ইং তারিখের নং-অম/অবি/উঃশাঃ/৩/৯৪-৩৩৯ অনুযায়ী সৃষ্টি এবং সংরক্ষণ হবে;
- (২) অনুমোদিত নিয়োগ বিধি অনুসারে এবং নিয়োগ কমিটির সুপারিশক্রমে সংযুক্ত ছক মোতাবেক প্রকল্পের বিভিন্ন বেতন গ্রেড ১-১০ পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং ১১-২০ পর্যন্ত প্রকল্প পরিচালক কর্তৃক চুক্তিভিত্তিক সাকুল্য বেতনে ( Consolidater Pay) জনবল নিয়োগ প্রাপ্ত হবে;
- (৩) চুক্তিভিত্তিক নিয়োজিত জনবলের সাকুল্য বেতন ও অন্যান্য সুবিধা অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/উঃ১/বিবিধ-৫২/৯৬-৩২০ তারিখঃ-৩/৭/৯৭ ইং এর পরিপত্র অনুযায়ী নির্ধারিত হবে। এ বিষয়ে অর্থ বিভাগ কর্তৃক পরবর্তীতে অন্য কোন পরিপত্র জারী হলে তা অনুসরণীয় হবে। তবে রাজস্ব বাজেটেভুক্ত স্থায়ী কর্মকর্তা-কর্মচারীগণ নিজ বেতনক্রমে প্রকল্প পদে নিয়োগ লাভেরযোগ্য হবে;
- (৪) প্রকল্প (বিনিয়োগ/টিএ প্রকল্প) ছকে উল্লিখিত জনবলের বিস্তারিত তালিকা পিপি/পিসিপি/টিএপিপি'র সংশ্লিষ্ট ক্রমিকে নিম্নবলিখিত বিষয়গুলির উল্লেখ থাকতে হবে :
  - (ক) সাকুল্য বেতনসহ পদের তালিকা;
  - (খ) অভিজ্ঞতাসহ নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা;
  - (গ) পদের কর্তব্য ও দায়িত্বের (Charter of duties) বিবরণ।
- (৫) প্রকল্পের জনবল সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবে এবং চুক্তিভিত্তিক জনবলের ক্ষেত্রে প্রচলিত আচরণ বিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে;
- (৬) কাজের মান( Performance) সন্তোষজনক না হলে প্রকল্প পরিচালক/উপর্যুক্ত কর্তৃপক্ষ এক মাসের নোটিশ প্রদান করে প্রকল্পে নিয়োজিত জনবলের চুক্তি বাতিল করতে পারবে। তবে চুক্তি বাতিলের পূর্বে সরকারী পাওনা আদায় করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৭) চুক্তি ভিত্তিক নিয়োজিত জনবল অস্থায়ী কর্মচারীদের ন্যায় ছুটি প্রাপ্য হবে;
- (৮) প্রকল্পের নিয়োজিত জনবলকে অন্য পদে বদলী করা যাবে না; তবে যে প্রকল্পে তাকে নিয়োগ করা হয়েছে সে প্রকল্প আওতায় অন্য স্থানে প্রকল্প পরিচালক তাকে বদলী করতে পারবে;
- (৯) প্রকল্প মেয়াদ শেষে চুক্তিপত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে;
- (১০) এই নির্দেশ জারীর পর এতদসংক্রান্ত বিষয়ে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে জারীকৃত (১) সম(উঃ ও বাঃ-১)-৮/৯৩-১০২, তারিখঃ৩০/৭/৯৪, (২) সম(উঃ ও বাঃ-১)-৮/৯৩-১২ তারিখঃ-১৮/১/৯৫ এবং (৩) সম(উঃ ও বাঃ-১)-৮/৯৩-১৩ তারিখঃ-১৮/১/৯৫ ইং বাতিল বলে গণ্য হবে

২। এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারী করা হল।

স্বা/-

(মোঃ মাহে আলম)

সচিব

২১/০৮/১৯৯৭ ইং

নং-সম/সওব্য/টিম-৪(২)/উঃপ্রঃনিঃ/৪৭/৯৭-১৮৮/১(৫৫)

তারিখঃ-----

০৬/০৫/১৪০৪ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ/জন বিভাগ, বংগ ভবন, ঢাকা।
- ৩। সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ(সকল)।

স্বা/-

(মোবারক হোসেন)

এসাইনমেন্ট অফিসার

ফোনঃ ৩৭২৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

..... মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা

## প্রকল্পে চুক্তিভিত্তিক নিয়োগের ছক

সংস্থাপন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন সংখ্যা সম/সওব্য/টিম-৪(২)-উঃপ্রঃনিঃ/৪৭/৯৭-১৮৮ তারিখ ২১/৮/১৯৯৭ ইং মোতাবেক এবং প্রকল্পের সিলেকশন কমিটির সুপারিশক্রমে আপনাকে জনাধ/বেগম .....

পিতা/স্বামী.....

ঠিকানা.....

প্রকল্পের কোড নং ..... পদে..... বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগদান করা হ'ল। এই নিয়োগের শর্তাবলী নিম্নরূপ হবে :

- ১। বেতন ভাতাঃ সাকুল্য বেতনঃ টাকা ..... (অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/উঃ১/বিবিধ-৫২/৯৬-৩২০ তারিখ ৩/৭/৯৭ ইং হার অনুযায়ী)। এছাড়া সরকার কর্তৃক এতদসংক্রান্ত বিষয়ে অন্য কোন পরিপত্র/স্মারক জারী করা হলে তাও প্রযোজ্য হবে।
- ২। প্রকল্পে নিয়োজিত সকল জনবল চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবে এবং এই চুক্তি পত্রই মেয়াদ শেষে অব্যাহতি পত্র হিসাবে গণ্য হবে।
- ৩। চাকুরী সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কীয় আচরণ বিধি এবং অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।
- ৪। চুক্তিভিত্তিক জনবলকে প্রকল্প পরিচালক একই প্রকল্প আওতায় অন্যস্থানে বদলী করতে পারবে।
- ৫। কোন কারণ দর্শন ব্যতিরেকে যে কোন পক্ষ হতে এক মাসের নোটিশে অথবা এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তিপত্র বাতিল করতে পারবে। তবে চুক্তিপত্র বাতিলের পূর্বে সরকারী পাওনা পরিশোধ করা হইবে।
- ৬। যা এই চুক্তিতে উল্লেখ করা হয়নি, তা এবং এরূপ অন্যান্য বিষয়ে প্রকল্পে নিয়োজিত চুক্তিভিত্তিক জনবল অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকবে।

নিয়োগকারী কর্তৃপক্ষ

.....

.....

উপরে উল্লিখিত শর্তাবলীতে আমি..... তারিখ হতে এই নিয়োগ গ্রহণ করতে সম্মত হলাম এবং চুক্তিভুক্ত পদে যোগদান করলাম।

(সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর)

স্বাক্ষী :

১।

২।